

কোম্পানির আওতাধীন সঞ্চালন ও বিতরণ নেটওয়ার্কের মাধ্যমে নিভরযোগ্য, কার্যকর এবং দক্ষ গ্যাস সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে গ্যাস সরবরাহ ব্যবস্থা ডিজিটাইজ, SCADA'র মাধ্যমে অপারেশনাল কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি এবং নেটওয়ার্কের নিরাপত্তা ও নিভরযোগ্যতা উন্নতকরণে JICA'র কারিগরি ও আর্থিক সহায়তায় কোম্পানিতে প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে।

উক্ত প্রকল্পের কারিগরি সহায়তায় গ্যাস নেটওয়ার্ক ডিজিটাইজেশন সম্পর্কিত কার্যক্রম নিম্নরূপ:

- মতিঝিল ও পল্টন এলাকায় ৬৭ কি.মি. এবং ধানমন্ডি ও লাগমাটিয়া এলাকায় ৬৯ কি.মি. বিতরণ ও সার্ভিস লাইনের GIS Mapping সম্পন্ন করা হয়েছে।
- ১২৩ টি স্টেশনের Standard Process Flow Diagram হালনাগাদ করা হয়েছে।
- তিতাস গ্যাস কোম্পানির সামগ্রিক সঞ্চালন ও বিতরণ নেটওয়ার্কের Schematic Diagram হালনাগাদ করা হয়েছে।
- ১০০০ পিএসআইজি চাপসম্পন্ন ৬৩৩ কি.মি. সঞ্চালন, ৩০০ পিএসআইজি চাপসম্পন্ন ৯৭ কি.মি. সঞ্চালন/মূখ্য বিতরণ, ১৪০ পিএসআইজি চাপসম্পন্ন ১০১১ কি.মি. মূখ্য বিতরণ/বিতরণ ও ৫০ পিএসআইজি চাপসম্পন্ন ৪২৫৩ কি.মি. বিতরণ লাইন ও ৬৬ কি.মি. সার্ভিস লাইনের Digitized Map প্রস্তুত করা হয়েছে।
- ৬৩৮২ শিল্প, সিএনজি, বাণিজ্যিক গ্রাহকদের RMS Location জরিপ সম্পন্ন করা হয়েছে।



কোম্পানির আওতাধীন রূপগঞ্জ এলাকায় গ্রাহক আগ্নেয়া পরিদর্শন করেন
প্ৰধান উপদেষ্টার কার্যালয়ের সচিব ও তিতাস বোর্ড-এর চেয়ারম্যান জনাব মোঃ সাইফুল্লা পান্না